১৩৭

তারিখ 02 FEB 1996
পৃষ্ঠা ৫ কলাম ১

দৈনিক সংবাদ

**৯ লক্ষাধিক শিশু প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত**

# রাজশাহী বিভাগের ১০ হাজার গ্রামে কোন প্রাথমিক বিদ্যালয় নেই

॥ হাবিবুর রহমান স্বপন ॥

সাঁথিয়া (পাবনা), ১লা ফেব্রুয়ারি।– রাজশাহী বিভাগের ১৬টি জেলায় ২৩ হাজার ৪শ' ১৫টি গ্রামের মধ্যে ১০ হাজার ৩শ' ৬২টি গ্রামে কোন প্রাথমিক বিদ্যালয় নেই। ফলে ৯ লক্ষাধিক শিশু প্রাথমিক শিক্ষার সুযোগ হতে বঞ্চিত হচ্ছে।

পাবনা জেলার ৯টি থানার ২শ' ৭৯টি গ্রামে, সিরাজগঞ্জ জেলার ৯টি থানার ৬শ' ২৬টি গ্রামে, রংপুর জেলার ৮টি থানার ৬শ' গ্রামে, নীলফামারী জেলার ৬টি থানার ১১৭টি গ্রামে, কুড়িগ্রাম জেলার জেলার ৯টি থানার ২শ' ৮৫টি গ্রামে, লালমনিরহাট জেলার ৫টি থানার ৭৩টি গ্রামে, গাইবান্ধা জেলার ২শ' গ্রামে, জয়পুরহাট জেলার ৫টি থানার ১শ' ২০টি গ্রামে, বগুড়া জেলার ১১টি থানার ৯ হাজার ৪শ' ৭৫টি গ্রামে, দিনাজপুর জেলার ১৩টি থানার ৩শ' ২৮টি গ্রামে, পঞ্চগড় জেলার ৫টি থানার ৪শ' ২১টি গ্রামে, ঠাকুরগাঁ জেলার ৫টি থানার ৮শ' ৮৫টি গ্রামে, নাটোর জেলার ৬টি থানার ৩শ' ১টি গ্রামে, রাজশাহী জেলার ১৩টি থানার ২শ' ৪৫টি গ্রামে, চাঁপাইনবাবগঞ্জ জেলার ৭০ হাজার শিশু, লালমনিরহাট জেলায় ৪২ হাজার, গাইবান্ধা জেলায় ৯ হাজার শিশু ও নীলফামারী জেলার ৪৫ হাজার শিশু শিক্ষার আলো হতে বঞ্চিত হচ্ছে। ফলে সরকারের শিক্ষা কার্যক্রম দারুণভাবে ব্যাহত হচ্ছে।

প্রায় দেড় হাজার বেসরকারি প্রাথমিক বিদ্যালয় এখনো রেজিস্ট্রেশন পায়নি।